পৌরসভার কর নির্ধারণ কার্যক্রম আরম্ভ হয় কর নির্ধারণের জন্য একটি প্রস্তাব প্রস্তুত করা ও সেই প্রস্তাব কেন্দ্রীয় সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের নিকট প্রেরণের মাধ্যমে। কেন্দ্রীয় সরকারের নিকট থেকে অনুমোদন পাওয়ার পর, পৌরসভাসমূহ কর নির্ধারণ কার্যক্রম আরম্ভ করে থাকে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ৩। কর আরোপে প্রস্তাব

(১) পৌরসভা কর্তৃক কর আরোপের সকল প্রস্তাব সংশ্লিষ্ট পৌরসভার কর নিরূপণ ও আদায় কমিটি প্রস্তুত করিবে:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক প্রণীত আদর্শ কর তফসিলে উল্লিখিত হারের অধিক হারে কোন কর আরোপ করা যাইবে না।

(২) উপ-বিধি- (১) এর অধীন প্রস্তুতকৃত কর আরোপের সকল প্রস্তাব পৌরসভা কার্যালয়ের কোন প্রকাশ্য স্থানে বা নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য কোন স্থানে প্রাক-প্রকাশ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কর আরোপের প্রস্তাব প্রকাশিত হইবার তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে প্রস্তাবিত কর আরোপের ফলে ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ কোন ব্যক্তি উক্ত প্রস্তাবের বিরুদ্ধে মেয়রের নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন আপত্তি দাখিল করা হইলে মেয়র উহা নিষ্পত্তির জন্য কর নিরূপণ ও আদায় কমিটির নিকট প্রেরণ করিবেন এবং কমিটি প্রয়োজনীয় শুনানী গ্রহণ করিয়া আপত্তি নিষ্পত্তি করিয়া কর আরোপের প্রস্তাব চূড়ান্ত করিবেন।



সরকারের অনুমোদন

বিধি- ৩ এর অধীন গৃহীত কর আরোপের প্রস্তাব সরকারের অনুমোদনের জন্য নিম্নবর্ণিত তথ্যসহ পেশ করিতে হইবে, যথা;

(ক) প্রস্তাবিত করের নাম, হার ও উহা হইতে বাৎসরিক আদায়ের পরিমাণ;

(খ) বিদ্যমান করের নাম, হার ও উহা হইতে বাৎসরিক আদায়ের পরিমাণ;

(গ) যে সকল ব্যক্তি, সম্পত্তি বা পণ্য ইহার আওতাভুক্ত হইবে;

(ঘ) কর আদায়ের প্রস্তাবিত ব্যবস্থা এবং উহা আদায়ের জন্য অতিরিক্ত ব্যয়;

(ঙ) সংশ্লিষ্ট পৌরসভার বিগত ৩ (তিন) বৎসরের আয় ও ব্যয়ের বিবরণ;

(চ) কর আরোপের উদ্দেশ্য অর্থাৎ চলতি হিসাবের ঘাটতি মিটানো অথবা নতুন কোন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ;

(ছ) কোন ব্যতিক্রমী প্রস্তাব, যদি থাকে; এবং

(জ) কর কার্যকর হইবার তারিখ।



এই প্রক্রিয়ার বাইরে পৌরসভাসমূহ সরকারের নিকট থেকে কর আরোপের নির্দেশও পেতে পারে। পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ৬ এ যেমন নির্দেশনা দেওয়া হয়েছে। এক্ষেত্রে নির্দেশ প্রাপ্তির এক মাসের মধ্যে পৌরসভাসমূহ কর আরোপের কার্যক্রম আরম্ভ করে এই কর নির্ধারণ কার্যক্রম আরম্ভের বিষয়ে প্রচারনা পরিচালনা করে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ৬। কর আরোপের ক্ষেত্রে সরকারের নির্দেশ-

- (১) আইনের ধারা ১০১ এর অধীন সরকার কর্তৃক কোন পৌরসভাকে কর আরোপের কোন নির্দেশ প্রদান করা হইলে সংশ্লিষ্ট পৌরসভা ১ (এক) মাসের মধ্যে উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং পৌরসভা কার্যালয়ের কোন প্রকাশ্য স্থানে বা নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য কোন স্থানে থাক-প্রকাশ করিতে হইবে।
- (২) উপ-বিধি (১) এর অধীন এর অধীন কর আরোপের প্রস্তাব প্রকাশিত হইবার তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে প্রস্তাবিত কর আরোপের ফলে ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ কোন ব্যক্তি উক্ত প্রস্তাবের বিরুদ্ধে মেয়রের নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।
- (৩) উপ-বিধি (২) এর অধীন কোন আপত্তি দাখিল করা হইলে মেয়র উহা নিষ্পত্তির জন্য কর নিরূপণ ও আদায় কমিটির নিকট প্রেরণ করিবেন এবং কমিটি প্রয়োজনীয় শুনানী গ্রহণ করিয়া উক্ত আপত্তি পেশ করিবার এক মাসের মধ্যে আপত্তি নিষ্পত্তি করিয়া কর আরোপের প্রস্তাব চূড়ান্ত করিবেন।



২) পূর্ণনির্ধারণ সম্পর্কিত ঘোষণা/প্রচার

কর নির্ধারণের প্রস্তাব বিষয়ে কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়ার পরপরই, পৌরসভা উক্ত কর নির্ধারণ প্রস্তাবনা একটি সরকারি গেজেট হিসেবে প্রকাশ করে।

অনেক পৌরসভা অধিবাসীদের মধ্যে পূর্ণনির্ধারণ সম্পর্কে মাইকিং, লিফলেট, পোস্টার ইত্যাদির মাধ্যমে প্রচার চালায় এবং কর পূর্ণনির্ধারণ কার্যক্রমে অধিবাসীদের নিকট থেকে সহযোগিতা প্রত্যাশা করে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ৫। কর আরোপের বিজ্ঞপ্তি

সরকার কর্তৃক অনুমোদনের পর কর আরোপের প্রস্তাব পৌরসভা সরকারি গেজেটে প্রকাশ করিবে এবং সেই তারিখ হইতে উক্ত কর কার্যকর হইবে উহা প্রজ্ঞাপনে উল্লেখ থাকবে।



৩) হোল্ডিং সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য অধিবাসীদের মধ্যে ফরম বিতরণ

প্রণয়ন প্রক্রিয়ায় 'কর মূল্যায়ন তালিকা' যেখানে পৌরসভার সকল হোল্ডিং এর হালনাগাদকৃত মূল্যায়ন ও করের চাহিদা প্রদর্শন করা হয়ে থাকে।

এই তথ্য সমূহ হালনাগাদ করার জন্য পৌরসভা প্রথমে শহরের হোল্ডিংসমূহের মালিকদের নিকট তথ্য প্রদানের অনুরোধ জানিয়ে পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ১৮ (৩) অনুযায়ী একটি নোটিশ বা প্রজ্ঞাপন জারি করে থাকে, যেমন ভাড়ার পরিমাণ বা হোল্ডিং এর মূল্য ইত্যাদি।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ১৮। কর মূল্যায়ন তালিকা-

- (৩) মূল্যায়ন তালিকা প্রণয়নকালে, এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর নির্ধারণকারী কর্মকর্তা উপযুক্ত মনে করিলে, ফরম- গ অনুযায়ী নোটিশ প্রদান করিয়া ইমারত ও ভূমির মালিক অথবা উহার দখলদারকে উহার ভাড়া বা বার্ষিক মূল্যের সঠিক ও নির্ভুল বিবরণী উপস্থাপনের অনুরোধ করিতে পারিবেন।
- (৪) উপ-বিধি (৩) এর অধীন নোটিশ প্রদান করা হইলে, সংশ্লিষ্ট ব্যক্তি উক্তরূপ নোটিশ প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে ফরম- ঘ এর মাধ্যমে ইমারতের সঠিক ও নির্ভুল তথ্য উপস্থাপন করিবেন।



হোল্ডিংসমূহের মালিকদের নিকট হোল্ডিং ও সংশ্লিষ্ট ভূমির তথ্য প্রদানের অনুরোধ জানিয়ে পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ১৮ (৩) অনুযায়ী নোটিশ বা প্রজ্ঞাপন জারি করার ফরম্যাট হচ্ছে ফরম- গ, যার মাধ্যমে ভাড়া অথবা বার্ষিক মূল্যের সঠিক ও নির্ভুল তথ্য প্রদান করে থাকে।

যা একই বিধি মোতাবেক ফরম 'ঘ' "ভাড়া বা বার্ষিক মূল্য সম্পর্কিত বিবরণী" হিসেবে সংযুক্ত করা হয়ে থাকে এবং এই ফরমটি হোল্ডিং ও ভূমির মালিক কর্তৃক পূরণ করে পৌরসভা কার্যালয়ে জমা দেওয়া হয়।

ফরম- গ

[বিধি- ১৮ (৩) দ্রষ্টব্য]

ইমারত বা ভূমির ভাড়া বা বার্ষিক মূল্যের সঠিক বিবরণী উপস্থাপনের জন্য নোটিশ

স্মারক নং: -----

তারিখ: -----

প্রাপক: -----

পিতা/ স্বামীর নাম: -----

ঠিকানা: -----

পৌরসভার কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর ১৮ (৩) এর অধীন অত্র পৌরসভার ইমারত ও ভূমির সংশোধিত মূল্যায়ন তালিকা প্রণয়নের উদ্দেশ্যে অত্র নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে এতদসঙ্গে সংযোজিত ফরম- ঘ অনুযায়ী উপরোল্লিখিত ঠিকানায় বর্ণিত আপনার হোল্ডিং এর ভূমি ও তদস্থিত ইমারতের শুদ্ধ ও সঠিক বর্ণনাসহ উহার প্রকৃত ও সঠিক ভাড়া অথবা বাৎসরিক মূল্যায়নের রিটার্ন নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করিবার জন্য আপনাকে অনুরোধ করা হইল। খেলাপের ক্ষেত্রে আইনত অনধিক পঞ্চাশ টাকা পর্যন্ত এককালীন জরিমানা এবং তদোপরি আপনি যে সময়কাল পর্যন্ত রিটার্ন দাখিল করিতে ব্যর্থ হইবেন উহার প্রতিদিনের জন্য দৈনিক অনধিক পাঁচ টাকা হারে অতিরিক্ত জরিমানা আপনি দিতে বাধ্য থাকিবেন।

----- পৌরসভা

৪) অধিবাসীদের নিকট থেকে হোল্ডিং সম্পর্কিত তথ্য সংগ্রহ করা

ফরম 'ঘ' "ভাড়া বা বার্ষিক মূল্য সম্পর্কিত বিবরণী" প্রাপ্তির সাত দিনের মধ্যে হোল্ডিং এর মালিক পূরণ করে পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ১৮ (৪) অনুযায়ী পৌরসভায় জমা দেবেন।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ১৮। কর মূল্যায়ন তালিকা-

(৪)- উপ-বিধি (৩) এর অধীন নোটিশ প্রদান করা হইলে, সংশ্লিষ্ট ব্যক্তি উক্তরূপ নোটিশ প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে ফরম- ঘ এর মাধ্যমে ইমারতের সঠিক ও নির্ভুল তথ্য উপস্থাপন করিবেন।



ফরম- ঘ এর একটি নমুনা: ইমারত ও তদসংলগ্ন ভূমির বার্ষিক ভাড়া ও মূল্য সম্পর্কিত বিবরণ নিম্নরূপ। ১-৬ নং নং শিরোনামের তথ্যসমূহ মালিক কর্তৃক পূরণ করা হবে এবং ৭-৮ নং শিরোনামের তথ্যসমূহ কর নির্ধারক কর্তৃক পূরণকৃত হবে।

ফরম- ঘ

[বিধি- ১৮ (৪) দ্রষ্টব্য]

ইমারত বা ভূমির ভাড়া বা বার্ষিক মূল্যের বিবরণী

১. ওয়ার্ডের নাম: ৪ - - - - -
২. মহল্লা/ সড়ক/ রাস্তা: কাজিপাড়া রোড
৩. কর নির্ধারণী তালিকায় ইমারত ও ভূমির (হোল্ডিং) এর বর্তমান নম্বর: ৫০৯
৪. (ক) হোল্ডিং এর মালিক (মালিকগণের নাম): আব্দুল করিম
পিতা/ স্বামীর নাম: আব্দুল মজিদ
(খ) দখলদারের (দখলদারগণের) নাম: সাইদুর রহমান
পিতা/ স্বামীর নাম: আতাউর রহমান
৫. ইমারত ও ভূমি দ্বারা বেষ্টিত আয়তন
(ক) ইমারত দ্বারা- ১) পাকা ইমারত: ২,০০০ বর্গফুট
২) আধা পাকা: ১,০০০ বর্গফুট
৩) কাঁচা: ৫০০ বর্গফুট
৪) মোট: ৩,৫০০ বর্গফুট
(খ) খালি ভূমি দ্বারা- ১) পুকুর: ১,৫০০ বর্গফুট
২) খাল: ৫০ বর্গফুট
৩) বাগান: ৩০০ বর্গফুট
৪) কাঁচা পায়খানা: নাই
৫) অন্যান্য ব্যবহার্য: নাই
৬) ইমারতের বর্ণনা (অপর পৃষ্ঠার বিবরণ অনুযায়ী দাখিল করিতে হইবে)

আব্দুল করিম
(রিটার্ন প্রদানকারীর স্বাক্ষর)

(- - - - - পৌরসভার কর্মকর্তা কর্তৃক পূরণ করিতে হইবে)

৬. ইমারত ও ভূমির নতুন হোল্ডিং নম্বর (যদি দেওয়া হয়ে থাকে): - - - - -

মালিক কর্তৃক পূরণ
করিতে হইবে

৭. - - - - - পৌরসভার কর্মকর্তা কর্তৃক নির্ধারণকৃত বার্ষিক

নির্ধারক কর্তৃক পূরণ
করিতে হইবে

বসবাসকারী	আবাসিক ইমারত	দোকন/ গুদাম/ শিল্প কারখানা/ ওয়ার্কশপ	খালি জায়গা (যদি আলাদাভাবে মূল্যায়নকৃত হইয়া থাকে)	মোট
(ক) মালিক (নিজে)				
(খ) দখলকার (ভাড়াটিয়া ইত্যাদি)				

৮. একই এলাকা বা রাস্তায় একই ধরনের সম্পত্তির কর নির্ধারণে যদি পার্থক্য হয় তবে কেন পার্থক্য হইয়াছে উহার সংক্ষিপ্ত কারণসহ বাৎসরিক মূল্য নির্ধারণের ভিত্তি জ্ঞাত করাওয়া কর নির্ধারকের মন্তব্য :

- - - - -
- - - - - পৌরসভা

ইমারতের বর্ণনা
(পূর্ব পৃষ্ঠার ক্রমিক নং ৬ অনুযায়ী)

ইমারতের প্রকার	ইমারতের ধরণ: পাকা ইমারত, আধা পাকা ইমারত, কাঁচা ঘর, অস্থায়ী কাঠের বাড়ি, সমতল অথবা টালিযুক্ত ছাদ, বা হোগলা, কড় পাতার ছাউনী বা চেউ টিনের শেড, বা ফ্লট ইত্যাদি	ইমারতের বয়স ও বর্তমান অবস্থা	তলার সংখ্যা	সংখ্যা, আকৃতি ও বর্ণনা					বর্তমান মূল্য অথবা মালিক/দখলকারীর দখলে ইমারত ও সংলগ্ন ভূমির বাৎসরিক ভাড়া	মন্তব্য
				কক্ষ সংখ্যা	বারান্দা (খোলা বা বন্ধ)	স্নান কক্ষ	সিঁড়ি	মোবের মোট আয়তন		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
(ক) মালিকের দখলে (১) আবাসিক ইমারত (২) দোকান/গুদাম/শিল্প কারখানা/ওয়ার্কশপ (খ) দখলকারের দখলে (১) আবাসিক ইমারত (২) দোকান/গুদাম/শিল্প কারখানা/ওয়ার্কশপ										

‘ইমারতের বিবরণী’তে হোল্ডিং এর বর্তমান মূল্য ও বার্ষিক ভাড়া উল্লেখ করতে হবে। মালিক কর্তৃক ব্যবহৃত ইমারতের ক্ষেত্রে সারণীতে উক্ত এলাকার একই ধরনের সুযোগ সুবিধা সম্বলিত ইমারতের ভাড়া সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে।

মালিক কর্তৃক সরবরাহকৃত তথ্য কর নির্ধারক যাচাই করে দেখবেন। যদি মালিক কর্তৃক সরবরাহকৃত তথ্যসমূহ যথার্থ ও সঠিক না হয়, (যেমন; ভাড়া অত্যধিক কম হারে ও পরিমাণে প্রদর্শিত হয়, ইত্যাদি) তাহলে কর নির্ধারক পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি ১৮ (৫) অনুযায়ী আরও বিস্তারিত তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ করবেন।

কর নির্ধারক গৃহের অভ্যন্তরে প্রবেশ করতে পারবেন বা মূল্য ও কর নির্ধারণ করার জন্য এর পরিমাপ গ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে কোন ভবনে প্রবেশ, পরিদর্শন বা পরিমাপের জন্য কমপক্ষে চব্বিশ ঘন্টা পূর্বে উহার দখলদারকে নোটিশ প্রদান করতে হবে। কর নির্ধারক সূর্যোদয়ের পূর্বে বা সূর্যাস্তের পরে কোন গৃহে প্রবেশ করতে পারবে না।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি-১৮। কর মূল্যায়ন তালিকা

(৫) কর নির্ধারণকারী কর্মকর্তা সূর্যোদয় এবং সূর্যাস্তের মধ্যবর্তী যে কোন সময় অনুরূপ ভবনে প্রবেশ, ইমারত পরিদর্শন বা পরিমাপ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কোন ভবনে প্রবেশ, পরিদর্শন বা পরিমাপের জন্য কমপক্ষে চব্বিশ ঘন্টা পূর্বে উহার দখলদারকে নোটিশ প্রদান করিতে হইবে।



৫) ওয়ার্ড ভিত্তিক কর নির্ধারণ তালিকায় প্রতিটি হোল্ডিং এর তথ্য অর্ন্তভুক্তিকরণ

মালিক কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম- ঘ এর ‘ইমারতের বিবরণ’ কর নির্ধারণ তালিকায় অর্ন্তভুক্ত করতে হবে, যা পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর ফরম- ৬ তে সরবরাহ করা হয়েছে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ১৯: কর নির্ধারণ তালিকা-

পৌরসভা ফরম- ৬ অনুযায়ী কর নির্ধারণ তালিকা প্রণয়ন করিবে, যাহাতে নিম্নবর্ণিত তথ্য থাকিবে, যথা-

- (ক) যে রাস্তার পার্শ্বে ইমারতটি অবস্থিত তাহার নাম;
- (খ) রেজিস্টারে উল্লিখিত ইমারতের নম্বর;
- (গ) ইমারতের বর্ণনা;
- (ঘ) ইমারতের বাৎসরিক মূল্যায়ন;
- (ঙ) ইমারতের মালিকের নাম;
- (চ) প্রদেয় বাৎসরিক কর ও রেইটের পরিমাণ;
- (ছ) ত্রৈমাসিক কিস্তির পরিমাণ;
- (জ) ইমারতটিকে যদি কর হইতে অব্যাহতি প্রদান করা হইয়া থাকে সেই বিবরণ; এবং
- (ঝ) পৌরসভা কর্তৃক উপযুক্ত বলিয়া বিবেচিত অন্য কোন তথ্য।



পৌরসভা করা আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর ফরম- ৬ হচ্ছে কর নির্ধারণ রেজিস্টার যা নিম্নে প্রদর্শন করা হলো।

ফরম- ৬
[বিধি- ১৯ দ্রষ্টব্য]

----- সাালের কর নির্ধারণ তালিকা

ক্রমিক নং	যে রাস্তায় ইমারত অবস্থিত তার নাম	ইমারতের হোল্ডিং নং		ইমারতের বর্ণনা	ইমারতের বাৎসরিক মূল্যায়ন	মালিকের নাম	প্রদেয় কর বা রেইটের প্রকার	বাৎসরিক প্রদেয় কর অথবা রেইটের পরিমাণ						ত্রৈমাসিক কিস্তির পরিমাণ	অন্য কোন বিবরণ	মন্তব্য	
		সাবেক	নতুন					হোল্ডিং	লাইটিং	অগ্নি	কনজারভেন্সি	পানি	সুয়েজ				মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫ (৯+১০+১১+১২+১৩+১৪)	১৬	১৭	১৮
১																	
২																	
৩																	
৪																	
৫																	
৬																	
৭																	
৮																	
৯																	
১০																	

কর নির্ধারণ তালিকা প্রতিটি ওয়ার্ডের জন্য প্রস্তুত করা হয়ে থাকে, যার মধ্যে সংশ্লিষ্ট ওয়ার্ডের সকল মালিক অন্তর্ভুক্ত থাকেন। কর নির্ধারণ তালিকার একটি নমুনা (ফরম- ৬) হচ্ছে নিম্নরূপ।

ফরম- ৬
[বিধি- ১৯ দ্রষ্টব্য]

----- সাালের কর নির্ধারণ তালিকা

ক্রমিক নং	যে রাস্তায় ইমারত অবস্থিত তার নাম	ইমারতের হোল্ডিং নং		ইমারতের বর্ণনা	ইমারতের বাৎসরিক মূল্যায়ন	মালিকের নাম	প্রদেয় কর বা রেইটের প্রকার	বাৎসরিক প্রদেয় কর অথবা রেইটের পরিমাণ						ত্রৈমাসিক কিস্তির পরিমাণ	অন্য কোন বিবরণ	মন্তব্য	
		সাবেক	নতুন					হোল্ডিং	লাইটিং	অগ্নি	কনজারভেন্সি	পানি	সুয়েজ				মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫ (৯+১০+১১+১২+১৩+১৪)	১৬	১৭	১৮
১	মালিক রোড	৩	১	পাকা	৮৪,০০০	আব্দুল হাদিম	৪	৫,৮৮০	২,৫২০	০	৫,৮৮০	৮,৪০০	০	২২,৬৮০	৫,৬৭০		
২	ঐ	১	২	পাকা	৯৬,০০০	সে: দেবদাস হোসেন	৪	৬,৭২০	২,৮৮০	০	৬,৭২০	৯,৬০০	০	২৫,৯২০	৬,৪৮০		
৩	ঐ	২	৩	পাকা	৫৯,০০০	সোপাল সাহা	৪	৪,১০০	১,৭৭০	০	৪,১০০	৫,৯০০	০	১৫,৯৭০	৩,৯৮০		
৪																	
৫																	

ফরম ঘ তে মালিক কর্তৃক সরবরাহকৃত তথ্য ও কর নির্ধারক (কর নির্ধারক সহকারি কর নির্ধারক) কর্তৃক পরিচালিত জরিপের মাধ্যমে এই ফরমটি পূরণ করা হয়।

এই তালিকায় হোল্ডিং এর মূল্যায়ন, দাবিকৃত করের পরিমাণ, এবং ত্রৈমাসিক দাবিকৃত করের পরিমাণ ইত্যাদি মালিক কর্তৃক সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে পূরণ করা হয়।

তালিকায় কিছু কিছু তথ্য নিম্নবর্ণিত উপায়ে পূরণ করা হয়ে থাকে;

- হোল্ডিং নম্বর: এখানে নতুন ও সাবেক হোল্ডিং নম্বর উল্লেখ করা থাকে। যখন পূর্বেও কোন কর নির্ধারণের সাথে তুলনা করতে হয় তখন এই তথ্যটি গুরুত্বপূর্ণ।
- ইমারতে বিবরণ: পাঁকা, আধা পাঁকা, কাঁচা, অস্থায়ী, সমান বা ঢালু ঢালীর ছাদ, অথবা ফ্লাট বাড়ি ইত্যাদি তথ্যেও ভিত্তিতে এই ঘরটি পূরণ করা হয়।
- বার্ষিক মূল্যায়ন: এই তথ্যটি কর নির্ধারণ এর ফলাফল থেকে সংগ্রহ করা হয়ে থাকে। বিধি- ১৮ (২) ও এই হ্যান্ডবুকের ৫ নং অধ্যায়ে 'কর নির্ধারণের পদ্ধতি' শিরোনামে এ মূল্যায়নের পদ্ধতি বর্ণনা করা হয়েছে।
- প্রদেয় কর বা রেইটের প্রকৃতি বা ধরণ: এখানে প্রদেয় কর এবং রেইটের ধরণ লিখে পূরণ করতে হবে যেমন (১) হোল্ডিং কর (২) কনজারভেসি (৩) পানি (৪) সড়ক বাতি এবং (৫) অগ্নি রেইট। এখানে প্রদেয় কর এবং রেইটের সংখ্যাও লিখা যেতে পারে।
- বার্ষিক প্রদেয় কর বা রেইট: মালিকের নিকট বার্ষিক যে পরিমাণ কর বা রেইট চূড়ান্তভাবে দাবি করা হয়েছে সেই পরিমাণ। 'বার্ষিক মূল্যায়ন' x "করের হার" এই পদ্ধতিতে এই পরিমাণ নির্ধারণ করা হয়।
- ত্রৈমাসিক কিস্তির পরিমাণ: বার্ষিক দাবিকৃত কর চারটি সমান কিস্তিতে প্রদান করতে হয়। যা বার্ষিক প্রদেয় কর বা রেইটের এক চতুর্থাংশ।

হোল্ডিং কর ও অন্যান্য করের 'বার্ষিক প্রদেয় কর বা রেইটের পরিমাণ' নিরূপণ করা হয় 'বার্ষিক মূল্যায়ন' x "করের হার" এই পদ্ধতিতে এই পরিমাণ নির্ধারণ করা হয়।

প্রতিটি করের সর্বোচ্চ হার এবং অন্যান্য হার পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ তে বিস্তারিত ভাবে প্রদান করা হয়েছে, যা নিম্নরূপ।

হোল্ডিং কর	৭ %
বাতির রেইট	৩ %
কনজারভেসি রেইট	৭ %
পয়:নিষ্কাশন রেইট	১২ %
পানির রেইট	১০ %
বার্ষিক মোট কর দাবি	৩৯ %

উপরের আলোচনা অনুসারে এটা হচ্ছে সর্বোচ্চ হার এবং এই হারই সকল মালিকদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। উদাহরণ স্বরূপ, কোন হোল্ডিং এর মালিক যদি পানি সরবরাহ না পান তাহলে তাকে পানি সরবরাহ বাবদ রেইট প্রদান করতে হবে না (পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ৩১)।

যেমন, কোন ইমারতের বার্ষিক মূল্য হচ্ছে ১, ০০, ০০০ টাকা এবং এই ইমারতের ক্ষেত্রে করের সর্বোচ্চ হার প্রযোজ্য হবে, এই ইমারতের বার্ষিক করের পরিমাণ নির্ধারণ করা হবে নিম্নোক্ত পদ্ধতিতে।

বিবরণ	% (পর্যন্ত)	পরিমাণ টাকা
হোল্ডিং কর	৭ %	৭, ০০০
বাতির রেইট	৩ %	৩, ০০০
কনজারভেসি রেইট	৭ %	৭, ০০০
পয়:নিষ্কাশন রেইট	১২ %	১২, ০০০
পানির রেইট	১০ %	১০, ০০০
বার্ষিক মোট কর দাবি	৩৯ %	৩৯, ০০০

এভাবে প্রতিটি করের পরিমাণ ও করের হার কর নির্ধারণ তালিকায় অর্ন্তভুক্ত করা হবে।

এক্ষেত্রে মোট বার্ষিক প্রদেয় কর ও রেইটের পরিমাণ হচ্ছে ৩৯,০০০ টাকা এবং এভাবে ত্রৈমাসিক প্রদেয় কর ও রেইটের পরিমাণ হচ্ছে ৯,৭৫০ যা মোট বার্ষিক কর ও রেইটের একচতুর্থাংশ।

৬) কর নির্ধারণ ফলাফলের পর্যালোচনা

যখন কর নির্ধারণ তালিকায় কর নির্ধারণের ফলাফল অন্তর্ভুক্ত করা হয়, পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ২০ (১) ও (২) অনুসারে পৌরসভার মেয়র এর প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর প্রদান করবেন।

বিধি ২০ (৩) অনুসারে, কর নির্ধারণ তালিকা সম্পর্কে মালিককে অবহিত করার জন্য পৌরসভা মালিক ফরম- চ অনুসারে বরাবর প্রজ্ঞাপন জারি করবে। যে সকল মালিকের হোল্ডিং এর জন্য নতুন ভাবে কর নির্ধারণ করা হয়েছে এবং তাদের করের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে তাদেরকেই এই প্রজ্ঞাপন প্রদান করা হবে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ২০: কর নির্ধারণ তালিকা প্রকাশ-

- (১) বিধি ১৯ অনুযায়ী কর নির্ধারণ তালিকা প্রস্তুত করিবার পর মেয়র অথবা তদ্বকর্তৃক এতোদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা উহার প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিবেন।
- (২) উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত কর নির্ধারণ তালিকা পৌরসভার কার্যালয় ও প্রতিটি ওয়ার্ডের প্রকাশ্য স্থানে টাঙ্গাইতে হইবে এবং মাইকযোগে ঘোষণা করিতে হইবে।
- (৩) প্রথমবারের মতো কোন সম্পত্তির উপর কর নির্ধারণ কর হইলে পৌরসভা উহার মালিক বা দখলদারকে ফরম- চ এর মাধ্যমে নোটিশ প্রদান করিবে।



ফরম- চ, যা কর নির্ধারণের ফলাফল প্রচারের জন্য প্রস্তুত করা হয়ে থাকে তার একটি নমুনা নিম্নরূপ। ফরম- চ পূরণের জন্য প্রয়োজনীয় তথ্য কর নির্ধারণ তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

ফরম- চ

[বিধি- ২০ (৩) দ্রষ্টব্য]

পৌরকর নির্ধারণ সম্পর্কে অবগতির নোটিশ

স্মারক নং: ----- তারিখ: -----

হোল্ডিং মালিকের নাম: -----

পিতা/ স্বামীর নাম: -----

ঠিকানা: -----

এতদ্বারা আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি ২০ (৩) বিধিমেতে অত্র পৌরসভার ----- নং ওয়ার্ডের -----

----- পাড়া/ মহল্লা/ রাস্তা বর্তমান হোল্ডিং নং----- (সাবেক হোল্ডিং নং-----

-----) এর উপর বাৎসরিক মূল্যায়ন উক্ত আইনের ৩১ (১) বিধিমেতে নতুন/ পরিবর্তিত হইয়া নিম্নলিখিত হারে বাৎসরিক ট্যাক্স ও রেইট ধার্য করা হইয়াছে। ট্যাক্স ধার্যের মূল্যায়ন তালিকায় প্রস্তাবিত ট্যাক্স, মালিকানা, বাড়িঘর/ দোকান/ ইমারতের বিবরণ ইত্যাদি বিষয়ে আপনার কোন আপত্তি থাকিলে পূর্বের বকেয়া পৌরকর পরিশোধ করিয়া পূর্ণ:বিবেচনার আবেদনের ফরম 'ছ' পৌরসভা কার্যালয় হইতে নির্ধারিত মূল্যে ক্রয় করিয়া আবেদন করিতে পারিবেন।

নির্দিষ্ট সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হইবে না এবং আপনার উপর ধার্যকৃত করই চূড়ান্ত নির্ধারণ বলিয়া গণ্য হইবে। উক্ত ট্যাক্স আগামী----- সনের ----- তারিখ হইতে কার্যকর করিয়া আদায় করা হইবে।

এমতাবস্থায়, আপনি স্বয়ং অথবা আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি উপস্থিত হইয়া কর ধার্যের উপর কোন আপত্তি থাকিলে তাহা পূর্ণ:বিবেচনার জন্য নির্ধারিত ফরম 'ছ' এর মাধ্যমে যুক্তিসঙ্গতকারণ উল্লেখপূর্বক এই নোটিশ জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পৌরসভা কার্যালয়ে দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

কর নির্ধারক

মেয়র

----- পৌরসভা	----- পৌরসভা
পরিবর্তিত বার্ষিক কর ও রেইট:	
বাৎসরিক মূল্যায়ন: -----	
ইমারত ও ভূমির উপর কর: -----	
কনজারভেপ্সি রেইট: -----	
সড়ক বাতি রেইট: -----	
মোট: -----	
(কথায়: -----)	
নোটিশ জারির তারিখ: -----	
[বিঃদ্র: এই নোটিশ চূড়ান্ত নোটিশ বলিয়া গণ্য হইবে]	

মালিকের নিকট কর নির্ধারণের ফলাফল প্রেরণের পর, যদি উক্ত হোল্ডিং এর মালিক কর নিরূপণ এর ফলাফল সম্পর্কে সন্তুষ্ট না হন তবে তিনি বা তারা পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ২১ (১) অনুসারে কর পূর্ণনির্ধারণ বা কর অব্যাহতির জন্য আবেদন করতে পারবেন।

এক্ষেত্রে, মালিককে নির্ধারিত ফরম- ছ ব্যবহার করে আবেদন করতে হবে এবং এ আবেদন উক্ত নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পৌরসভার মেয়র বরাবর পাঠাতে হবে।

ফরম- ছ

[বিধি- ২১ (১) দ্রষ্টব্য]

কর নির্ধারণ তালিকা অথবা কর মূল্যায়ন তালিকা পুনঃবিবেচনার পুনঃবিবেচনার আবেদন

১. আবেদনের তারিখ: -----
২. আবেদনকারীর নাম: -----
৩. পিতা/ স্বামীর নাম: -----
৪. হোল্ডিং/ বাড়ী নম্বর : -----
৫. রাজা/ মহল্লার নাম: -----
৬. বাৎসরিক মূল্যায়ন
ক. বিদ্যমান: -----
খ. সংশোধিত: -----
৭. আবেদনকারী কর্তৃক মওকুফের কারণসমূহের সংক্ষিপ্ত বর্ণনা:

দস্তখতকারীর স্বাক্ষর

(অফিস কর্তৃক পূরণীয়)

৮. কলাম ১ হইতে ৭ পর্যন্ত শুদ্ধতা সম্পর্কে অফিসের প্রত্যয়ন পত্র: -----
৯. পৌরসভার প্রতিনিধিত্বকারী সদস্য অথবা তদন্তকারী কর্মকর্তার মতামত: -----
১০. প্রতিটি ইমারতের ক্ষেত্রে কর নিরূপণ ও আদায় সম্পর্কিত স্থায়ী কমিটির আদেশ:
ক. আদেশের মর্ম:- -----
খ. চূড়ান্তভাবে নির্ধারণকৃত বাৎসরিক মূল্যায়ন: -----
১১. কর নিরূপণ ও আদায় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর:
১) ----- ২) -----
৩) ----- ৪) -----
৫) -----
১২. আবেদনকারীর নিকট হইতে প্রাপ্য বকেয়া এবং কোন কিস্তি হইতে আদেশটি বলবৎ হইবে এই সম্পর্কে মন্তব্য:

বিভাগীয় প্রধানের স্বাক্ষর

পৌরসভা কর্তৃক কর পুনঃনির্ধারণের আবেদন প্রাপ্তির পর, পৌরসভা কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি বিধি- ২১ (২) অনুসারে মালিকের উপস্থিতিতে শুনানীর ব্যবস্থা গ্রহণ করবে। প্রথম শুনানী আয়োজনের চার মাসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করতে হবে।

বিধি- ২১ (৪) অনুসারে, শুধুমাত্র 'যথার্থ স্বাক্ষরী ও তদন্ত' করার পরই কর নির্ধারণ রেজিস্টার সংশোধন করা যেতে পারে। যদিও,

যথাযথ ও সুনির্দিষ্ট তথ্য প্রমাণ ব্যতীত কর নির্ধারণ তালিকায় পরিবর্তন বা সংশোধন করা উচিত নয় (যেমন; কম পরিমাণ ভাড়া, বা কম নির্মাণ ব্যয় ইত্যাদি)।

জনসেবা প্রদান ও অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে করের গুরুত্ব সম্পর্কে কর আদায়কারী, কর নির্ধারক ও সচিবদের পক্ষ থেকে ব্যাখ্যা করতে পারাও অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং যথাযথ কর নির্ধারণের মাধ্যমে পর্যাপ্ত পরিমাণ কর আদায় নিশ্চিত করাও প্রয়োজন। কাউন্সিলরবৃন্দের নিকট কর নিরূপণ ও আদায় সম্পর্কিত তত্ত্বাবধান প্রতিবেদন পেশ করাও খুবই গুরুত্বপূর্ণ যাতে করে তারা কর আদায়ের ক্ষেত্রে সহযোগীতাপূর্ণ ও সহায়ক ভূমিকা পালন করতে পারেন, যাতে করে তারা কর নির্ধারণ এর ফলাফল কমানোর ক্ষেত্রে আরও সক্রিয় ভূমিকা পালন করতে পারেন।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ২১। কর মূল্যায়ন তালিকা ও কর নির্ধারণ তালিকা পুনর্বিবেচনার জন্য আবেদন, ইত্যাদি-

(১) কোন ব্যক্তি কর মূল্যায়ন তালিকা বা কর নির্ধারণ তালিকা সম্পর্কে অসন্তুষ্ট হইলে তিনি উক্ত কর মূল্যায়ন তালিকা বা কর নির্ধারণ তালিকা পুনর্বিবেচনার জন্য বা কর হইতে অব্যাহতি প্রদানের জন্য ফরম- ছ অনুযায়ী মেয়রের নিকট আবেদন করিতে পারিবেন;

তবে শর্ত থাকে যে, বিধি- ২০ এর উপ-বিধি (২) এর অধীন তালিকা প্রকাশের তারিখ হইতে অথবা উপ-বিধি

(৩) এর অধীন নোটিশ জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন অতিক্রান্ত হইবার পর এইরূপ কোন আবেদন করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর মেয়র উহা নিষ্পত্তির জন্য কর নিরূপণ ও আদায় কমিটির নিকট প্রেরণ করিবেন।

(৩) কর নিরূপণ ও আদায় কমিটি আবেদনের শুনানীর সময় ও স্থান উল্লেখ করিয়ে আবেদনকারীকে নোটিশ প্রদান করিবে এবং প্রথম শুনানীর তারিখ হইতে ৪ (চার) মাসের মধ্যে শুনানীর কার্যক্রম সমাপ্ত করিতে হইবে।

(৪) কর নিরূপণ ও আদায় কমিটি আবেদনকারী বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে প্রয়োজনীয় স্বাক্ষর গ্রহণ ও তদন্ত করিয়া কর মূল্যায়ন তালিকা বা কর নিরূপণ তালিকা সংশোধন, পূর্ণনির্ধারণ বা বাতিল করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, আবেদনকারী বা তাহার প্রতিনিধি যদি নির্ধারিত তারিখে উপস্থিত না হন তাহা হইলে কর নিরূপণ ও আদায় কমিটি তাহার অনুপস্থিতিতে একতরফা সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৪) এ অধীন প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং নতুন তালিকা প্রণীত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।



৭) পূর্ণনির্ধারণ ফলাফল চূড়ান্তকরণ

বিধি- ২১ (৪) অনুসারে যথাযথ স্বাক্ষর ও তদন্তের ভিত্তিতে কর আরোপ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি কর নির্ধারণ তালিকা সংশোধন করলে বা কোন কর অব্যাহতি প্রদান করলে তার প্রেক্ষিতে কমিটির গৃহীত ঐ সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে (বিধি- ২১ (৫)।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ২১। কর মূল্যায়ন তালিকা ও কর নির্ধারণ তালিকা পুনর্বিবেচনার জন্য আবেদন, ইত্যাদি-

(৪) কর নিরূপণ ও আদায় কমিটি আবেদনকারী বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে প্রয়োজনীয় স্বাক্ষর গ্রহণ ও তদন্ত করিয়া কর মূল্যায়ন তালিকা বা কর নিরূপণ তালিকা সংশোধন, পূর্ণনির্ধারণ বা বাতিল করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, আবেদনকারী বা তাহার প্রতিনিধি যদি নির্ধারিত তারিখে উপস্থিত না হন তাহা হইলে কর নিরূপণ ও আদায় কমিটি তাহার অনুপস্থিতিতে একতরফা সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৪) এ অধীন প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং নতুন তালিকা প্রণীত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।



৮) ওয়ার্ড ভিত্তিক কর নির্ধারণ তালিকায় চূড়ান্ত কর নির্ধারণ এর ফলাফল সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্তকরণ

বিধি- ২১ (৫) অনুসারে কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটিতে যথাযথ আলোচনা ও পর্যালোচনা পর চূড়ান্ত ফলাফল কর নির্ধারণ রেজিস্টারে প্রতিফলিত করতে হয়।

৩.২. অর্ন্তবর্তীকালীণ কর নির্ধারণের পদ্ধতি

এই অধ্যায়ে অর্ন্তবর্তীকালীণ কর নির্ধারণের পদ্ধতি যা প্রতি বছর প্রয়োজন অনুসারে সম্পাদন করা হয়ে থাকে, সে বিষয়ে আলোচনা করা হয়েছে।


পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ২২ (১) অনুসারে বিশেষত যখন কোন নতুন ইমারত নির্মিত হয় বা কোর ইমারতের উল্লেখযোগ্য ভাবে সংস্কার (বিধি- ২৩) করা হয় তখন অর্ন্তবর্তীকালীণ কর নির্ধারণ করা হয়ে থাকে।

যখন কোন নতুন ইমারত নির্মিত হয় তখন এটা কর নির্ধারণের শর্ত পূরণ করে, “২২(১)(ক). কর নির্ধারণ তালিকায় কোন ব্যক্তির নাম বা কোন সম্পত্তি অন্তর্ভুক্ত করা সমীচীন বলিয়া বিবেচিত হইলে;”। এ ধরনের কোন সংশোধন প্রয়োজন হইলে পৌরসভা সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রস্তাবিত সংশোধনীর বিষয়ে ১ (এক) মাসের নোটিশ প্রদান করিবে।। [বিধি- ২২ (২)]।

যদি কোন ইমারত সংস্কার করা হয় তাহলে তা, ভাড়া বা আংশিক উন্নয়ন’ এর শর্ত পূরণ করে, বিধি- ২৩। তখন পৌরসভা মালিকের সাথে শুনানীর মাধ্যমে করের পরিমাণ বৃদ্ধি করতে পারে

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি- ২২: কর নির্ধারণ তালিকা সংশোধন

- 
- (১) নিম্নবর্ণিত কারণে পৌরসভা কর নির্ধারণ তালিকা সংশোধন করিতে পারিবে, যথা-
 - (ক) কর নির্ধারণ তালিকায় কোন ব্যক্তির নাম বা কোন সম্পত্তি অন্তর্ভুক্ত করা সমীচীন বলিয়া মনে করিলে;
 - (খ) কোন ইমারতের মালিকের নাম এর পরিবর্তে অন্য কোন ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করা প্রয়োজন হইলে, যিনি হস্তান্তর বা অন্য কোনভাবে উক্ত ইমারতের মালিকানা প্রাপ্ত হইয়াছেন;
 - (গ) কোন ইমারতের মূল্যায়ন বা কর নির্ধারণ ত্রুটিপূর্ণ ভাবে হইলে;
 - (ঘ) কোন ইমারত সম্পূর্ণভাবে অথবা আংশিকভাবে ধ্বংস বা ভাঙ্গিয়া যাইবার ফলে উহার মূল্য হ্রাস পাইলে উক্ত ইমারতের মালিকের আবেদনের প্রেক্ষিতে মূল্যায়ন হ্রাস করিবার প্রয়োজন হইলে;
 - (ঙ) কো করণীক ত্রুটি সংশোধনের জন্য।
 - (২) উপ-বিধি (১) এর অধীন কোন সংশোধন করা প্রয়োজন হইলে পৌরসভা সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রস্তাবিত সংশোধনীর বিষয়ে ১ (এক) মাসের নোটিশ প্রদান করিবে।
 - (৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যক্তি প্রস্তাবিত সংশোধনীর বিরুদ্ধে আপিল করিতে পারিবে এবং এইরূপে উত্থাপিত আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে, প্রয়োজনীয় সংশোধনসহ বিধি- ২১ এর বিধান কার্যকর হইবে।

বিধি ২৩: কোন ইমারতের কর বৃদ্ধিকরণ

পৌরসভার নিকট যদি প্রতিয়মান হয় যে, কর নির্ধারণ তালিকা চূড়ান্ত হইবার পর কোন ইমারতের ভাড়া বা উহার কোন অংশ এমন উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাইয়াছে যে, পৌরসভার বিবেচনায় উক্ত ইমারতের পূর্ণমূল্যায়ন যুক্তিযুক্ত, তাহা হইলে এই বিধিমালায় অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, উক্ত ইমারতের মালিককে শুনানীর সুযোগ প্রদান করিয়া কর বৃদ্ধি কর যাইবে।



অর্ন্তবর্তীকালীণ কর নির্ধারণের প্রক্রিয়া মূলত কর পূর্ণনির্ধারণ প্রক্রিয়ার মতো একই। এক্ষেত্রে প্রধান পার্থক্য হচ্ছে অর্ন্তবর্তীকালীণ কর নির্ধারণ শুধুমাত্র কোন নতুন ইমারত নির্মিত হলে বা কোন ইমারতের উল্লেখযোগ্য মাত্রায় সংস্কার করা হলেই সম্পাদন করা হয়। অন্য একটি পার্থক্য হচ্ছে অর্ন্তবর্তীকালীণ কর নির্ধারণের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট কোন প্রস্তাব পেশ করতে হয় না এবং কেন্দ্রীয় সরকারের অনুমোদনও গ্রহণ করার প্রয়োজন হয় না।

৩.২.১. অর্ন্তবর্তীকালীণ কর নির্ধারণের একক প্রক্রিয়া

১) নব নির্মিত ও সংস্কারকৃত ইমারতের তথ্য সংগ্রহ

নতুন ইমারত নির্মাণের আবেদন গ্রহণকারী ও অনুমোদন প্রদানকারী প্রকৌশলীদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা। যখন আবেদনপত্র জমা দেওয়া হয়, তখনই ইমারতটি নির্মিত হয় না। এক্ষেত্রে ইমারত নির্মাণের অনুমোদন প্রদানের কয়েকমাস পরে কর নির্ধারক উক্ত স্থান পরিদর্শন করেন।

কর আদায়কারীগণও তথ্য সংগ্রহের অন্য একটি উৎস। কারণ তারা হোল্ডিং কর সংগ্রহের সময় এলাকাসমূহ পরিদর্শন করে থাকেন

এবং নতুন কোন ইমারত নির্মাণ করা হলে বা কোন ইমারত সম্প্রসারিত হলে তা চিহ্নিত করতে পারেন। নব নির্মিত বা সম্প্রসারিত ইমারতের তথ্য সংগ্রহের জন্য কর আদায়কারী ও কর নির্ধারকদের মধ্যে সমন্বয় অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করে থাকে।

২) হোল্ডিং সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য অধিবাসীদের মধ্যে ফরম বিতরণ করা

এ পর্যায়ে পৌরসভা অধিবাসীদের মধ্যে হোল্ডিং সম্পর্কিত তথ্য যেমন; ভাড়া পরিমাণ, হোল্ডিং এর সমষ্টি মূল্য ইত্যাদি তথ্য প্রদানের জন্য পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ১৮ (৩) অনুসারে একটি চিঠি বা বিজ্ঞপ্তি জারি করে।

মালিকদের নিকট থেকে হোল্ডিং এর ভাড়া বা হোল্ডিং এর প্রকৃত নির্মাণ খরচ বা মূল্য সম্পর্কিত তথ্য পেশ করার জন্য যে বিজ্ঞপ্তি প্রদান করা হয় তা হচ্ছে পৌরসভা কর আরোপ ও আদায় বিধিমালা- ২০১৩ এর ফরম- গ, যার শিরোনাম হচ্ছে “ ইমারত বা ভূমির ভাড়া বা বার্ষিক মূল্যের সঠিক বিবরণী উপস্থাপনের জন্য নোটিশ ”।

এটা একই বিধির ফরম- ঘ “ইমারত বা ভূমির ভাড়া বা বার্ষিক মূল্যের বিবরণী” এর সাথে সংযুক্ত করা থাকে, যা তখন মালিক কর্তৃক পূরণ করে জমা প্রদান করতে হয়।

৩) অধিবাসীদের নিকট থেকে হোল্ডিং সম্পর্কিত তথ্য সংগ্রহ করা

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ১৮ (৪) অনুসারে ফরম- ঘ “ইমারত বা ভূমির ভাড়া বা বার্ষিক মূল্যের বিবরণী” তখন মালিক কর্তৃক পূরণ করে উক্ত নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে জমা প্রদান করতে হয়।

৪) ওয়ার্ড ভিত্তিক কর নির্ধারণ তালিকায় প্রতিটি হোল্ডিং এর তথ্য অন্তর্ভুক্তিকরণ

মালিক কর্তৃক সরবরাহকৃত তথ্য বিশেষত ফরম- ঘ এর “ইমারতের বিবরণ” কর নির্ধারণ তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে , যা পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর ফরম- চ তে সরবরাহ করা হয়েছে।

৫) কর নির্ধারণ ফলাফলের পর্যালোচনা

যখন কর নির্ধারণ তালিকায় কর নির্ধারণের ফলাফল অন্তর্ভুক্ত করা হয়, পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ২০ (১) ও (২) অনুসারে পৌরসভার মেয়র এর প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর প্রদান করবেন।

বিধি ২০ (৩) অনুসারে, কর নির্ধারণ তালিকা সম্পর্কে মালিককে অবহিত করার জন্য পৌরসভা মালিক ফরম- চ অনুসারে মালিক বা দখলদার বরাবর নোটিশ জারি করবে। যে সকল মালিকের হোল্ডিং এর জন্য নতুন ভাবে কর নির্ধারণ করা হয়েছে এবং যাদের করের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে তাদেরকেই এই নোটিশ প্রদান করা হবে।

পৌরসভা কর্তৃক কর পূর্ণ:নির্ধারণের আবেদন প্রাপ্তির পর, পৌরসভা কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি বিধি- ২১ (২) অনুসারে মালিকের উপস্থিতিতে শুনানীর ব্যবস্থা গ্রহণ করবে। প্রথম শুনানী আয়োজনের চার মাসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করতে হবে।

বিধি- ২১ (৪) অনুসারে, শুধুমাত্র ‘যথার্থ স্বাক্ষর ও তদন্ত’ করার পরই কর নির্ধারণ রেজিস্টার সংশোধন করা যেতে পারে। যদিও, যথাযথ ও সুনির্দিষ্ট তথ্য প্রমাণ ব্যতিত কর নির্ধারণ তালিকায় পরিবর্তন বা সংশোধন করা উচিত নয় (যেমন; কম পরিমাণ ভাড়া, বা কম নির্মাণ ব্যয় ইত্যাদি)।

৬) পূর্ণ:নির্ধারণ ফলাফল চূড়ান্তকরণ

বিধি- ২১ (৪) অনুসারে যথাযথ স্বাক্ষর ও তদন্তের ভিত্তিতে কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি কর নির্ধারণ তালিকা সংশোধন করলে বা কোন কর অব্যাহতি প্রদান করলে তার প্রেক্ষিতে কমিটির গৃহীত ঐ সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে (বিধি- ২১ (৫)।

৭) ওয়ার্ড ভিত্তিক কর নির্ধারণ তালিকায় চূড়ান্ত কর নির্ধারণ এর ফলাফল সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্তকরণ

বিধি- ২১ (৫) অনুসারে কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটিতে যথাযথ আলোচনা ও পর্যালোচনার পর চূড়ান্ত ফলাফল কর নির্ধারণ রেজিস্টারে প্রতিফলিত করতে হয়।

৪. কর নির্ধারণ তালিকার (প্রস্তাবিত) সার-সংকলন ও প্রতিবেদন প্রণয়ন

পৌরসভাসমূহকে কর নির্ধারণ ফলাফলের সার-সংকলন প্রস্তুত করার জন্য পরামর্শ প্রদান করা হয়ে থাকে, যাতে করে তারা নিশ্চিত হতে পারে যে কর নির্ধারণ যথার্থ ভাবে সম্পাদন করা হয়েছে এবং এ প্রক্রিয়ায় পৌরসভাসমূহ হোল্ডিং কর বাবদ পর্যাপ্ত পরিমাণ রাজস্ব আয় করার বিষয়টি নিশ্চিত করতে পারে।

পূর্ববর্তী পূণঃমূল্যায়নের ফলাফলের সাথে নতুন পূণঃমূল্যায়নের ফলাফলের তুলনামূলক পর্যালোচনা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পৌরসভাসমূহকে নিশ্চিত করতে হবে যে পূর্ববর্তী বছরের তুলনায় এবং পূর্ববর্তী পূণঃমূল্যায়ন এর মোট দাবির পরিমাণ বৃদ্ধি পেয়েছে এক্ষেত্রে নিম্নোক্ত সারণীটি ব্যবহার করা যেতে পারে।

অর্থ বছর	বিবরণ	হোল্ডিং এর সংখ্যা	মোট দাবির পরিমাণ	গড় দাবির পরিমাণ
২০০৯ - ১০	পূর্ববর্তী বছরের পূণঃমূল্যায়ন	-----	-----	-----
২০১০ - ১১	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১১ - ১২	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১২ - ১৩	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১৩ - ১৪	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১৪ - ১৫	পূণঃমূল্যায়ন এর প্রস্তাবনা	-----	-----	-----
	চূড়ান্ত	-----	-----	-----

গড় দাবির পরিমাণও বিবেচনা করার জন্য বলা হয়ে থাকে, যা [মোট দাবি] / [হোল্ডিং এর সংখ্যা] এভাবে বের করা হয়। এর মাধ্যমে হোল্ডিং প্রতি গড় দাবির পরিমাণ প্রদর্শন করা যায়।

ধরা যাক, বার্ষিক হার হচ্ছে- ৭.০ %, আগামী পাঁচ বছরে বার্ষিক মূল্যায়ন ৪০ % হারে বৃদ্ধি করা হবে (১০, ০০০ টাকা থেকে বৃদ্ধি করে ১৪, ০২৬ টাকা)। এর কারণ হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধিও সাথে সাথে বার্ষিক ভাড়ার পরিমাণ বৃদ্ধি করা হবে।

বিবরণ	০ বছর (পূর্ববর্তী বছরের পূণঃমূল্যায়ন)	১ ম বছর	২ য় বছর	৩ য় বছর	৪ র্থ বছর	৫ ম বছর (চলতি পূণঃমূল্যায়ন)
বার্ষিক মূল্যায়ন	১০, ০০০	১০, ৭০০	১১, ৪৪৯	১২, ২৫০	১৩, ১০৮	১৪, ০২৬
বার্ষিক বৃদ্ধির হার		৭.০ %	৭.০ %	৭.০ %	৭.০ %	৭.০ %

মুদ্রাস্ফিতির কারণে যদি গড় দাবির হার ও পরিমাণ বৃদ্ধি না পায় তাহলে এর মানে হচ্ছে পৌরসভা মালিকদের বিরাট অংকের ছাড় প্রদান করছে।

পৌরসভা কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির অন্যতম গুরুত্বপূর্ণ একটি কাজ হচ্ছে তত্ত্বাবধান ও যাচাই করা, এর অন্য একটি কাজ হচ্ছে “কর আরোপ করার উপযোগী নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করা যার মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি করা সম্ভব”। মেয়র ও কাউন্সিলরবৃন্দসহ স্থায়ী কমিটির পক্ষ থেকে কর নির্ধারণের মাধ্যমে কর বৃদ্ধির বিষয়ে জোরালো পদক্ষেপ গ্রহণ করা উচিত।

৫. কর মূল্যায়নের পদ্ধতি

এই অধ্যায়ে কর মূল্যায়নের পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়েছে, যা পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি- ১৮ (২) এ বিস্তারিত আলোচনা করা হয়েছে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি-১৮। কর মূল্যায়ন তালিকা



- (১) বিধি ১৭ তে উল্লিখিত কর ও রেইট ধার্যের উদ্দেশ্যে পৌরসভা ইমারতের মূল্যায়ন তালিকা প্রস্তুত করিবে এবং নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃত ভিন্নরূপ নির্দেশ প্রদান করা না হইলে এইরূপ মূল্যায়ন তালিকা প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর নতুনভাবে প্রণয়ন করিতে হইবে।
- (২) নিম্নবর্ণিত পদ্ধতিতে মূল্যায়ন তালিকা প্রস্তুত করিতে হইবে, যথা-
 - (ক) সম্পূর্ণভাবে ভাড়া দেওয়া ইমারতের ক্ষেত্রে-
 - (অ) মোট বাৎসরিক ভাড়া হইতে রক্ষনাবেক্ষণের জন্য দুই মাসের ভাড়া বাদ দিতে হইবে;
 - (আ) বাণিজ্যিক উদ্দেশ্যে না হইয়া যদি ইমারতটি নিবন্ধিত দলীল মূল্যে ক্রয় বা নির্মাণের জন্য তহবিল সংগ্রহের নিমিত্তে সরকার, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হয় তাহা হইলে বন্ধকী ঋণের উপর প্রদেয় বাৎসরিক সুদের অর্থ বাদ দিতে হইবে;
 - (ই) বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত ইমারত, যেমন- হোটেল, মোটেল, প্রাইভেট ডায়াগনস্টিক সেন্টার, এ্যাপার্টমেন্ট, হাসপাতাল, অফিস ইত্যাদির ক্ষেত্রে সরকার, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হয় তাহা হইলে বন্ধকী ঋণের উপর প্রদেয় বাৎসরিক সুদের ১/৪ অংশ বাদ দিতে হইবে;
 - (ঈ) কোন ইমারতের মাসিক ভাড়া অস্বাভাবিক কম বা বেশি বলিয়া প্রতীয়মান হইলে উক্ত এলাকার একই ধরণ ও একই সুযোগ সুবিধা সম্বলিত ইমারত যে ভাড়ায় প্রদান করা হইয়াছে বা চুক্তিবদ্ধ হইয়াছে উহা বিবেচনা করিতে হইবে।
 - (খ) সম্পূর্ণ দখলকৃত ইমারতের ক্ষেত্রে একই ধরণ ও একই সুযোগ সুবিধা সম্বলিত ইমারত বাৎসরিক সম্ভাব্য যে পরিমাণ ভাড়া প্রদান করা যাইবে অথবা কর নির্ধারণের তারিখে ভবনে অন্তর্ভুক্ত ভূমির ভূমি উন্নয়ন করসহ ইমারতের মূল্যের শতকরা সাড়ে সাত ভাগ, উহার মধ্যে যাহা কম হইবে, উহা বাৎসরিক মূল্য হিসেবে বিবেচিত হইবে এবং উহা হইতে নিম্নরূপ অংশ বাদ যাইবে; যথা-
 - (অ) রক্ষনাবেক্ষণ বাবদ ২ মাসের ভাড়া অথবা বার্ষিক মূল্যে ৬ ছয় ভাগের এক ভাগ, উহার মধ্যে যাহা প্রযোজ্য;
 - (আ) দফা (অ) তে বর্ণিত পরিমাণ বাদ দেওয়ার পর বার্ষিক মূল্যের এক চতুর্থাংশ;
 - (ই) বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত ইমারত, যেমন- হোটেল, মোটেল, প্রাইভেট ডায়াগনস্টিক সেন্টার, এ্যাপার্টমেন্ট, হাসপাতাল, অফিস ইত্যাদির ক্ষেত্রে সরকার, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হয় তাহা হইলে বন্ধকী ঋণের উপর প্রদেয় বাৎসরিক সুদের ১/৪ অংশ বাদ দিতে হইবে;
 - (ই) কোন ইমারতের মাসিক ভাড়া অস্বাভাবিক কম বা বেশি বলিয়া প্রতীয়মান হইলে উক্ত এলাকার একই ধরণ ও একই সুযোগ সুবিধা সম্বলিত ইমারত যে ভাড়ায় প্রদান করা হইয়াছে বা চুক্তিবদ্ধ হইয়াছে উহা বিবেচনা করিতে হইবে।
 - (গ) আংশিক ভাড়া এবং আংশিক দখলকৃত ইমারতের ক্ষেত্রে ভাড়া প্রদানকৃত অংশের বার্ষিক মূল্য দফা (ক) অনুসারে এবং দখলকৃত অংশের বার্ষিক মূল্য দফা (খ) অনুযায়ী হিসাব করিতে হইবে।
- (৩) মূল্যায়ন তালিকা প্রণয়ন কল্পে, এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর নির্ধারণকারী কর্মকর্তা উপযুক্ত মনে করিলে ফরম- গ অনুযায়ী নোটিশ প্রদান করিয়া ইমারত ও ভূমির মালিক অথবা দখলদারকে উহার ভাড়া বা বার্ষিক মূল্যের সঠিক ও নির্ভুল বিবরণী উপস্থাপনের অনুরোধ করিতে পারিবে।
- (৪) উপ-বিধি (৩) এর অধীন নোটিশ প্রদান করা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি উক্তরূপ নোটিশ প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে ফরম- ঘ এর মাধ্যমে ইমারতের সঠিক ও নির্ভুল তথ্য উপস্থাপন করিবেন।
- (৫) কর নির্ধারণকারী কর্মকর্তা সূর্যোদয় এবং সূর্যাস্তের মধ্যবর্তী যে কোন সময় অনুরূপ ভবনে প্রবেশ, ইমারত পরিদর্শন বা পরিমাপ করিতে পারিবেন:
তবে শর্ত থাকে যে, কোন ভবনে প্রবেশ, পরিদর্শন বা পরিমাপের জন্য কমপক্ষে চব্বিশ ঘন্টা পূর্বে উহার দখলদারকে নোটিশ প্রদান করিতে হইবে।

মূল্যায়নের পদ্ধতি ভিন্ন রকম;

ক. সম্পূর্ণ ভাড়া দেওয়া ইমারতের ক্ষেত্রে


খ. সম্পূর্ণ মালিক কর্তৃক বসবাস বা ব্যবহৃত ইমারতের ক্ষেত্রে

গ. আংশিক ভাড়া দেওয়া ও আংশিক মালিক কর্তৃক ব্যবহৃত ইমারতের ক্ষেত্রে

প্রত্যেক ক্ষেত্রেই ইমারতটি বাণিজ্যিক বা অবাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে তার উপর ভিত্তি করে বাদ দেওয়ার পরিমাণও কম

বা বেশি হয়ে থাকে।

নিচের ফ্লোচার্টটি অনুসরণ করে ইমারতের মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করা হয়ে থাকে;



ইমারতের বার্ষিক মূল্যায়ন নির্ধারিত হয়;

- বার্ষিক মূল্য (বার্ষিক ভাড়া বাবদ রাজস্ব বা মোট নির্মাণ ব্যয়ের ৭.৫ %)
- রক্ষণাবেক্ষণ ব্যয় বাদ দিয়ে;
- মালিকানাধীন বাদ দিয়ে;
- লভ্যাংশ বা সুদের পরিমাণ বাদ দিয়ে।

মূল পরিমাণ ও বাদ দেওয়া টাকার পরিমাণ ভিন্ন, যা নিম্নলিখিত উপায়ে ব্যাখ্যা করা যেতে পারে;

	ক-১	ক-২	খ-১	খ-২	গ
	ভাড়া	ভাড়া	নিজস্ব ব্যবহার	নিজস্ব ব্যবহার	মিশ্র
	অবাণিজ্যিক	বাণিজ্যিক	অবাণিজ্যিক	বাণিজ্যিক	
বার্ষিক মূল্য	ভাড়ার পরিমাণ (১২ মাস)	ভাড়ার পরিমাণ (১২ মাস)	(i) একই ধরনের ভবনের ভাড়ার পরিমাণ (১২ মাস) ও (ii) মোট নির্মাণ ব্যয়ের ৭.৫ % (ভবনের ভূমির ভূমি উন্নয়ন কর সহ) এর মধ্যে যেটা পরিমাণে কম	(i) একই ধরনের ভবনের ভাড়ার পরিমাণ (১২ মাস) ও (ii) মোট নির্মাণ ব্যয়ের ৭.৫ % (ভবনের ভূমির ভূমি উন্নয়ন কর সহ) এর মধ্যে যেটা পরিমাণে কম	ক-১, ক-২, খ-১ ও খ-২ এর মিশ্রণ
বাদ:					
রক্ষণাবেক্ষণ	রক্ষণাবেক্ষণ ব্যয় (২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ)	রক্ষণাবেক্ষণ ব্যয় (২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ)	রক্ষণাবেক্ষণ ব্যয় (বার্ষিক মূল্যের ১/৬ অংশের সমপরিমাণ অর্থ)	রক্ষণাবেক্ষণ ব্যয় (বার্ষিক মূল্যের ১/৬ অংশের সমপরিমাণ অর্থ)	
মালিকানার ধরণের ভিত্তিতে বাদ	-----	-----	[বার্ষিক মূল্য] - [রক্ষণাবেক্ষণ ব্যয়] x ১/৪	[বার্ষিক মূল্য] - [রক্ষণাবেক্ষণ ব্যয়] x ১/৪	
ব্যাংক সুদ	বার্ষিক সুদ বাবদ ব্যয়	বার্ষিক সুদ বাবদ ব্যয় x ১/৪	বার্ষিক সুদ বাবদ ব্যয়	বার্ষিক সুদ বাবদ ব্যয় x ১/৪	

যখন কোন ইমারত মালিক কর্তৃক নিজে ব্যবহৃত হয় তখন তার মোট বার্ষিক করের দাবি মালিকগণ কর্তৃক ব্যবহৃত (খ-১ ও খ-২) ইমারতের তুলনায় এবং ভাড়ায় ব্যবহৃত ইমারতের তুলনায় (ক-১, ক-২) কম হবে, কারণ বাদ দেওয়া অর্থের পরিমাণ বেশি

(মালিক নিজে বসবাস করার কারণে বাদ)।

একইভাবে, ব্যাংক সুদের পরিমাণ বাবদ বাদ দেওয়া অর্থের পরিমাণ যখন ইমারতটি অবাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয় (ক- ১ ও খ- ১) তখন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত ইমারতের (ক- ২ ও খ- ২) তুলনায় বেশি।

পরবর্তীতে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

(ক) সম্পূর্ণ ভাড়া দেওয়া ইমারতের ক্ষেত্রে

সম্পূর্ণ ভাড়া দেওয়া ইমারতের ক্ষেত্রে (মালিক কর্তৃক ভাড়াটিয়ার নিকট ভাড়া দেওয়া) উক্ত ইমারতের ১২ মাসের মোট ভাড়ার পরিমাণের ভিত্তিতে ইমারতটির মূল্য নির্ধারিত হবে।

এক্ষেত্রে, পূর্বে উল্লেখিত ক- ১ বা ক- ২ মূল্যায়ন পদ্ধতি ব্যবহৃত হবে।

ইমারতটি যখন ভাড়া এবং অবাণিজ্যিক (আবাসিক) উদ্দেশ্যে ব্যবহৃত হয় তখন মূল্যায়নের ক্ষেত্রে ক- ১ পদ্ধতি প্রযোজ্য হবে। ইমারতটি যখন ভাড়া এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয় তখন মূল্যায়নের ক্ষেত্রে ক- ২ পদ্ধতি প্রযোজ্য হবে।

এ ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান হচ্ছে নিম্নরূপ;

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি-১৮। কর মূল্যায়ন তালিকা

(১) ---

(২) নিম্নবর্ণিত পদ্ধতিতে মূল্যায়ন তালিকা প্রস্তুত করিতে হইবে, যথা-

(ক) সম্পূর্ণভাবে ভাড়া দেওয়া ইমারতের ক্ষেত্রে-

(অ) মোট বাৎসরিক ভাড়া হইতে রক্ষনাবেক্ষণের জন্য দুই মাসের ভাড়া বাদ দিতে হইবে;

(আ) বাণিজ্যিক উদ্দেশ্যে না হইয়া যদি ইমারতটি নিবন্ধিত দলীল মূল্যে ক্রয় বা নির্মাণের জন্য তহবিল সংগ্রহের নিমিত্তে সরকার, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হয় তাহা হইলে বন্ধকী ঋণের উপর প্রদেয় বাৎসরিক সুদেও অর্থ বাদ দিতে হইবে;

(ই) বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত ইমারত, যেমন- হোটেল, মোটেল, প্রাইভেট ডায়াগনস্টিক সেন্টার, এ্যাপার্টমেন্ট, হাসপাতাল, অফিস ইত্যাদির ক্ষেত্রে সরকার, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হয় তাহা হইলে বন্ধকী ঋণের উপর প্রদেয় বাৎসরিক সুদের ১/৪ অংশ বাদ দিতে হইবে;

(ঈ) কোন ইমারতের মাসিক ভাড়া অস্বাভাবিক কম বা বেশি বলিয়া প্রতিয়মান হইলে উক্ত এলাকার একই ধরণ ও একই সুযোগ সুবিধা সম্বলিত ইমারত যে ভাড়ায় প্রদান করা হইয়াছে বা চুক্তিবদ্ধ হইয়াছে উহা বিবেচনা করিতে হইবে।

(খ) ...

(গ) ...



বার্ষিক মূল্য

বার্ষিক মূল্য হচ্ছে ১২ মাসের মোট ভাড়া, যা উক্ত ইমারতের মালিক ফরম- ঘ এর 'ইমারতের বিবরণ' এ উল্লেখ করে পেশ করেছেন। বিধি- ১৮ (২) ক.- ৪ অনুসারে যেহেতু মাসিক ভাড়ার পরিমাণ অস্বাভাবিক রকমের কম, সেহেতু উক্ত এলাকা একই ধরণের ইমারতের ভাড়ার পরিমাণ প্রযোজ্য হবে।

বাদ: রক্ষনাবেক্ষণ ব্যয়:

বিধি- ১৮ (২) ক- ১ অনুসারে, মূল টাকার পরিমাণ থেকে এরপর দুই মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ রক্ষনাবেক্ষণ ব্যয় বাবদ বাদ দেওয়া হবে।

বাদ: ব্যাংক সুদ বাবদ ব্যয় (অবাণিজ্যিক, ক- ১):

যদি ইমারতটি অবাণিজ্যিক (আবাসিক) উদ্দেশ্যে ব্যবহৃত হয় এবং যদি ইমারতটি সরকার কিংবা অন্য কোন অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ হয় তাহলে বিধি- ১৮ (২) ক- ২ অনুসারে মূল টাকার পরিমাণ থেকে বার্ষিক সুদের পরিমাণ বাদ দিতে হবে। অনুগ্রহ করে খেয়াল করতে হবে যে, যদি ইমারতটি এ্যাপার্টমেন্ট হিসেবে ব্যবহৃত হয় তাহলে ঐ ইমারতটি বাণিজ্যিক

হিসেবে বিবেচিত হবে।

বাদ: ব্যাংক সুদ বাবদ ব্যয় (অবাণিজ্যিক, ক- ২):

যদি ভবনটি বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয় (যেমন; হোটেল, হাসপাতাল, এ্যাপার্টমেন্ট ইত্যাদি) এবং যদি ইমারতটি সরকার কিংবা অন্য কোন অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ হয় তাহলে বিধি- ১৮ (২) ক- ৩ অনুসারে মূল টাকার পরিমাণ থেকে বার্ষিক সুদের পরিমাণ বাদ দিতে হবে।

ক- ১ (ভাড়া, অবাণিজ্যিক) ও ক- ২ (ভাড়া, বাণিজ্যিক) এর ক্ষেত্রে হিসাব এর নমুনা নিচে প্রদান কর হলো;

ক- ১: সম্পূর্ণ ভাড়া দেওয়া (অবাণিজ্যিক) ইমারতের মূল্যায়ন

১	১২ মাসের প্রকৃত ভাড়া বা যথার্থ ভাড়া			
	বার্ষিক ভাড়া	১০,০০০ টাকা	x ১২	= ১২০,০০০ টাকা
		/ মাস		/ বছর
২	কর্তন:			
	(i) ২ মাসের রক্ষনাবেক্ষণ বাবদ ব্যয়	১০,০০০ টাকা		
		/ মাস	x ২	২০,০০০ টাকা
	(ii) ব্যাংক ঋণের বার্ষিক সুদের পরিমাণ	১৬,০০০ টাকা		১৬,০০০ টাকা
	মোট কর্তন: (i) + (ii)			৩৬,০০০ টাকা
৩	ইমারতটির বার্ষিক মোট মূল্যায়ন এর পরিমাণ (১-২)			৮৪,০০০ টাকা

বার্ষিক কর দাবির পরিমাণ নিরূপণ

বিবরণ	% (পর্যন্ত)	পরিমাণ- টাকা মূল্যায়ন x %
হোল্ডিং কর	৭ %	৫,৮৮০ টাকা
বাতির রেইট	৩ %	২,৫২০ টাকা
কনজারভেন্সি রেইট	৭ %	৫,৮৮০ টাকা
পানির রেইট	১০ %	৮,৪০০ টাকা
বার্ষিক মোট কর দাবির পরিমাণ	২৭ %	২২,৬৮০ টাকা

ত্রৈমাসিক কর দাবির পরিমাণ নিরূপণ

বিবরণ	ত্রৈমাসিক দাবি				মোট
	১ম ত্রৈমাসিক	২য় ত্রৈমাসিক	৩য় ত্রৈমাসিক	৪র্থ ত্রৈমাসিক	
হোল্ডিং কর	১,৪৭০	১,৪৭০	১,৪৭০	১,৪৭০	৫,৮৮০
বাতির রেইট	৬৩০	৬৩০	৬৩০	৬৩০	২,৫২০
কনজারভেন্সি রেইট	১,৪৭০	১,৪৭০	১,৪৭০	১,৪৭০	৫,৮৮০
পানির রেইট	২,১০০	২,১০০	২,১০০	২,১০০	৮,৪০০
বার্ষিক মোট কর দাবির পরিমাণ	৫,৬৭০	৫,৬৭০	৫,৬৭০	৫,৬৭০	২২,৬৮০

ক- ১ (ভাড়া, অবাণিজ্যিক) এ মূল্য নির্ধারণ করা হয়েছে এভাবে-

[ভাড়া প্রাপ্তি (১২ মাস)] - [রক্ষনাবেক্ষণ ব্যয়] - [বার্ষিক সুদ বাবদ ব্যয়]
--

এই উদাহরণে, মাসিক ভাড়ার পরিমাণ হচ্ছে ১০,০০০ টাকা এবং [ভাড়া প্রাপ্তি (১২ মাস)] এর পরিমাণ হচ্ছে ১২০,০০০ টাকা। এর পর বিধি- ১৮ (২) ক- ২ অনুসারে ২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ বার্ষিক রক্ষনাবেক্ষণ ব্যয় বাবদ বাদ দেওয়া হয়েছে প্রতি মাসে ভাড়া ১০,০০০ হিসেবে এর পরিমাণ হচ্ছে ২০,০০০ টাকা, যদি ইমারতটি সরকার বা অন্য কোন অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ হয় তাহলে বার্ষিক সুদের সমপরিমাণ অর্থ এর থেকে বাদ দেওয়া হবে। বার্ষিক ঋণের সুদের পরিমাণ হচ্ছে- ১৬,০০০ টাকা।

এভাবে ইমারতটির মূল্যায়ন নিম্নবর্ণিত উপায়ে নিরূপণ করা হবে-

ভাড়া প্রাপ্তি (১২ মাস) এর পরিমাণ হচ্ছে = ১২০,০০০ টাকা
- রক্ষনাবেক্ষণ ব্যয় এর পরিমাণ হচ্ছে ২০,০০০ টাকা
- বার্ষিক ঋণের সুদের পরিমাণ হচ্ছে ১৬,০০০ টাকা
= বার্ষিক মূল্যায়নের পরিমাণ হচ্ছে ৮৪,০০০ টাকা

ক- ২: সম্পূর্ণ ভাড়া দেওয়া (বাণিজ্যিক) ইমারতের মূল্যায়ন

১	১২ মাসের প্রকৃত ভাড়া বা যথার্থ ভাড়া				
	বার্ষিক ভাড়া	১০,০০০ টাকা	x ১২	=	১২০,০০০ টাকা
		/ মাস			/ বছর
২	বাদ:				
	(i) রক্ষনাবেক্ষণ বাবদ ব্যয়- ২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ	১০,০০০ টাকা	x ২		২০,০০০ টাকা
		/ মাস			
	(ii) ব্যাংক ঋণের বার্ষিক সুদের পরিমাণ x ১/৪	১৬,০০০ টাকা	x ১/৪		৪,০০০ টাকা
	মোট বাদ (i) + (ii)				২৪,০০০ টাকা
৩	ইমারতটির বার্ষিক মূল্যায়ন এর পরিমাণ (১ - ২)				৯৬,০০০ টাকা

বার্ষিক কর দাবির পরিমাণ নিরূপণ

বিবরণ	% (পর্যন্ত)	পরিমাণ টাকা মূল্যায়ন x %
হোল্ডিং কর	৭ %	৬,৭২০ টাকা
বাতির রেইট	৩ %	২,৮৮০ টাকা
কনজারভেন্সি রেইট	৭ %	৬,৭২০ টাকা
পানির রেইট	১০ %	৯,৬০০ টাকা
বার্ষিক মোট কর দাবির পরিমাণ	২৭ %	২৫,৯২০ টাকা

ত্রৈমাসিক কর দাবির পরিমাণ নিরূপণ

বিবরণ	ত্রৈমাসিক দাবি				মোট
	১ম ত্রৈমাসিক	২য় ত্রৈমাসিক	৩য় ত্রৈমাসিক	৪র্থ ত্রৈমাসিক	
হোল্ডিং কর	১,৬৮০	১,৬৮০	১,৬৮০	১,৬৮০	৬,৭২০
বাতির রেইট	৭২০	৭২০	৭২০	৭২০	২,৮৮০
কনজারভেন্সি রেইট	১,৬৮০	১,৬৮০	১,৬৮০	১,৬৮০	৬,৭২০
পানির রেইট	২,৪০০	২,৪০০	২,৪০০	২,৪০০	৯,৬০০
বার্ষিক মোট কর দাবির পরিমাণ	৬,৪৮০	৬,৪৮০	৬,৪৮০	৬,৪৮০	২৫,৯২০

ক- ২ (ভাড়া, বাণিজ্যিক) এ মূল্য নির্ধারণ করা হয়েছে এভাবে-

[ভাড়া প্রাপ্তি (১২ মাস)] - [রক্ষনাবেক্ষণ ব্যয়] - [বার্ষিক সুদ বাবদ ব্যয়] x ১/৪

ক- ১ ও ক- ২ এর মধ্যে একমাত্র পার্থক্য হচ্ছে বিধি- ১৮ (২) (ক)- ৩ অনুসারে, বার্ষিক মোট মূল্যায়ন থেকে বার্ষিক ঋণের সুদ বাবদ ব্যয়ের ১/৪ বাদ দেওয়া হয়। বাদ দেওয়া অর্থের পরিমাণ কম কারণ এই ইমারতটি বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

এই উদাহরণে, মাসিক ভাড়ার পরিমাণ হচ্ছে ১০,০০০ টাকা এবং [ভাড়া প্রাপ্তি (১২ মাস)] এর পরিমাণ হচ্ছে ১২০,০০০ টাকা। এর পর বিধি- ১৮ (২) ক- ২ অনুসারে ২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ বার্ষিক রক্ষনাবেক্ষণ ব্যয় বাবদ বাদ দেওয়া হয়েছে প্রতি মাসে ভাড়া ১০,০০০ হিসেবে এর পরিমাণ হচ্ছে ২০,০০০ টাকা, যদি ইমারতটি সরকার বা অন্য কোন অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ হয় তাহলে বার্ষিক সুদের সমপরিমাণ অর্থ এর থেকে বাদ দেওয়া হবে। বার্ষিক ঋণের সুদের পরিমাণ

হচ্ছে- ১৬, ০০০ টাকা, যার ১/৪ হচ্ছে ১৬, ০০০/ ৪ = ৪, ০০০ টাকা।

এভাবে ইমারতটির মূল্যায়ন নিম্নবর্ণিত উপায়ে নিরূপণ করা হবে-

ভাড়া প্রাপ্তি (১২ মাস) এর পরিমাণ হচ্ছে = ১২০, ০০০ টাকা

- রক্ষণাবেক্ষণ ব্যয় এর পরিমাণ হচ্ছে ২০, ০০০ টাকা

- বার্ষিক ঋণের সুদের পরিমাণ হচ্ছে ৪, ০০০ টাকা

= বার্ষিক মূল্যায়নের পরিমাণ হচ্ছে ৯৬, ০০০ টাকা

এরপর বার্ষিক কর দাবির পরিমাণ নিরূপণ করা যায় এভাবে- [বার্ষিক মূল্য] x [করের হার]। ধরা যাক বার্ষিক করের হার হচ্ছে ৭ % এবং পানির রেইট হচ্ছে ১০ %, কনজারভেশি ৭% এবং লাইটিং ৩% তাহলে বার্ষিক মোট কর দাবির পরিমাণ হবে ২২, ৬৮০ টাকা (৯৬, ০০০ টাকা x ২৭%)।

(খ) সম্পূর্ণ দখলকৃত ইমারতের ক্ষেত্রে

মালিক কর্তৃক নিজে ব্যবহার বা দখলকৃত ইমারতের ক্ষেত্রে, ইমারতের মূল্যায়ন উক্ত ইমারতের নির্মাণ ব্যয়ের ৭ % বা একই ধরনের ইমারতের ১২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ এর যে কোন একটি হিসেবে নিরূপণ করা হয়ে থাকে।

এই ক্ষেত্রে, পূর্বের উল্লেখ মোতাবেক মূল্যায়ন পদ্ধতি খ- ১ বা খ- ২ ব্যবহৃত হবে।

খ- ১ পদ্ধতিটি ব্যবহৃত হয় যখন ইমারতটি নিজ দখলে এবং অবাণিজ্যিক (আবাসিক) উদ্দেশ্যে ব্যবহৃত হয়

খ- ২ পদ্ধতিটি ব্যবহৃত হয় যখন ইমারতটি নিজ দখলে এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয়

এক্ষেত্রে প্রযোজ্য করারোপ সম্পর্কিত বিধি হচ্ছে নিম্নরূপ-

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩

বিধি-১৮। কর মূল্যায়ন তালিকা

(২) নিম্নবর্ণিত পদ্ধতিতে মূল্যায়ন তালিকা প্রস্তুত করিতে হইবে, যথা-

(ক) ...

(খ) সম্পূর্ণ দখলকৃত ইমারতের ক্ষেত্রে একই ধরণ ও একই সুযোগ সুবিধা সম্বলিত ইমারত বাৎসরিক সম্ভাব্য যে পরিমাণ ভাড়া প্রদান করা যাইবে অথবা কর নির্ধারণের তারিখে ভবনে অর্ন্তভুক্ত ভূমির ভূমি উন্নয়ন করসহ ইমারতের মূল্যের শতকরা সাড়ে সাত ভাগ, ইহার মধ্যে যাহা কম হইবে, উহা বাৎসরিক মূল্য হিসেবে বিবেচিত হইবে এবং উহা হইতে নিম্নরূপ অংশ বাদ যাইবে; যথা-

(অ) রক্ষণাবেক্ষণ বাবদ ২ মাসের ভাড়া অথবা বার্ষিক মূল্যের ছয় ভাগের এক ভাগ, উহার মধ্যে যাহা প্রযোজ্য;

(আ) দফা (অ) তে বর্ণিত পরিমাণ বাদ দেওয়ার পর বার্ষিক মূল্যের এক চতুর্থাংশ;

(ই) বাণিজ্যিক উদ্দেশ্যে না হইয়া যদি ইমারতটি নিবন্ধিত দলিল মূলে ক্রয় বা নির্মাণের জন্য তহবিল সংগ্রহের নিমিত্ত সরকার, হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট হইতে বন্ধক রাখা হয় তাহা হইলে বন্ধকী ঋণের উপর বাৎসরিক প্রদেয় সুদের অর্থ বাদ দিতে হইবে।

(ঈ) বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত ইমারত, যেমন- হোটেল, মোটেল, প্রাইভেট ডায়াগনস্টিক সেন্টার, এ্যাপার্টমেন্ট, হাসপাতাল, অফিস ইত্যাদির ক্ষেত্রে সরকার, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হয় তাহা হইলে বন্ধকী ঋণের উপর প্রদেয় বাৎসরিক সুদের ১/৪ অংশ বাদ দিতে হইবে;

কোন ইমারতের মাসিক ভাড়া অস্বাভাবিক কম বা বেশি বলিয়া প্রতীয়মান হইলে উক্ত এলাকার একই ধরণ ও একই সুযোগ সুবিধা সম্বলিত ইমারত যে ভাড়ায় প্রদান করা হইয়াছে বা চুক্তিবদ্ধ হইয়াছে উহা বিবেচনা করিতে হইবে।

(গ) ...



বার্ষিক মূল্য

বার্ষিক মূল্য হচ্ছে উক্ত এলাকা একই ধরণের ইমারতের ১২ মাসের মোট ভাড়ার পরিমাণ বা মোট নির্মাণ ব্যয়ের ৭.৫ % এ দুটোর মধ্যে যেটার পরিমাণ কম। এ সম্পর্কিত তথ্য উক্ত ইমারতের মালিক ফরম- ঘ এর 'ইমারতের বিবরণ' এ উল্লেখ করে পেশ করেছেন।

বাদ: রক্ষনাবেক্ষণ ব্যয়:

বিধি- ১৮ (২) খ- ১ অনুসারে, মূল টাকার পরিমাণ থেকে এরপর ১/৬ অংশ বা দুই মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ রক্ষনাবেক্ষণ ব্যয় বাবদ বাদ দেওয়া হবে।

মালিক বসবাস করার জন্য ছাড়

এক্ষেত্রে যেহেতু ইমরতটি মালিক কর্তৃক নিজে ব্যবহার করা হচ্ছে, বিধি- ১৮ (২) খ- ২ অনুসারে বার্ষিক মূল্য থেকে (রক্ষনাবেক্ষণ ব্যয় বাবদ বাদ দেওয়ার পর) ১/৪ অংশ বাদ দিতে হবে। এ ক্ষেত্রে কর দাবির পরিমাণ কম হবে কারণ ভাড়া দেওয়ার পরিবর্তে কোন ইমরতে মালিক নিজে বসবাস করলে খরচ কম হবে।

বাদ: ব্যাংক সুদ বাবদ ব্যয় (অবাণিজ্যিক, ক- ১):

যদি ইমরতটি অবাণিজ্যিক (আবাসিক) উদ্দেশ্যে ব্যবহৃত হয় এবং যদি ইমরতটি সরকার কিংবা অন্য কোন অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ হয় তাহলে বিধি- ১৮ (২) খ- ৩ অনুসারে মূল টাকার পরিমাণ থেকে বার্ষিক সুদের পরিমাণ বাদ দিতে হবে। অনুগ্রহ করে খেয়াল করতে হবে যে, যদি ইমরতটি এ্যাপার্টমেন্ট হিসেবে ব্যবহৃত হয় তাহলে ঐ ইমরতটি বাণিজ্যিক হিসেবে বিবেচিত হবে।

বাদ: ব্যাংক সুদ বাবদ ব্যয় (বাণিজ্যিক):

যদি ববনটি বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয় (যেমন; হোটেল, হাসপাতাল, এ্যাপার্টমেন্ট ইত্যাদি) এবং যদি ইমরতটি সরকার কিংবা অন্য কোন অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ হয় তাহলে বিধি- ১৮ (২) খ- ৪ অনুসারে মূল টাকার পরিমাণ থেকে বার্ষিক সুদের পরিমাণ বাদ দিতে হবে।

খ- ১ (ভাড়া, অবাণিজ্যিক) এবং খ- ২ (মালিক কর্তৃক দখলকৃত, বাণিজ্যিক) এর কর নিরূপনের উদাহরণ নিম্নরূপ;

খ- ১: সম্পূর্ণ দখলকৃত ইमारতের মূল্যায়ন (অবাণিজ্যিক):
নির্মাণ ব্যয়ের ভিত্তিতে বার্ষিক মূল্য নির্ধারণ

	দৈর্ঘ্য	প্রস্থ	তলার সংখ্যা	মোট এলাকা
